

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bpsc.gov.bd

স্মারক নং-৮০.০০.০০০০.৪০৩.০০.০০৭.১৯-৩৮

তারিখঃ ১৭/০২/২০২০ইং

বিষয়ঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর ওয়েবসাইটের পাশাপাশি বাংলাদেশ টেলিটক লিঃ এর ওয়েবসাইটে কর্ম কমিশনের ফলাফল প্রকাশনার জন্য ব্যবহার সংক্রান্ত সভার কার্যবিবরণী:-

সভাপতি : মো: মোস্তাফিজুর রহমান
সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।
তারিখ ও সময় : ১২ ফেব্রুয়ারী ২০২০, বিকেল ৪.০০ টা
সভার স্থান : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সচিব মহোদয়ের কক্ষ।
সভায় উপস্থিত : সংযুক্তি-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), ICT শাখার কর্মকর্তাবৃন্দ, Teletalk Ltd. এর কর্মকর্তা এবং a2i এর পক্ষে একজন কর্মকর্তা উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) জনাব আ.ই.ম নেছার উদ্দিন এবং সিস্টেম এনালিস্ট জনাব জি.এম মোস্তফা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটের পাশাপাশি বাংলাদেশ টেলিটক লিঃ এর ওয়েবসাইটে কর্ম কমিশনের ফলাফল প্রকাশনার জন্য ব্যবহারের বিষয়টি উপস্থাপন করেন। এর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রতিষ্ঠান
<p>আলোচ্য বিষয়ঃ ১: বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটের পাশাপাশি বাংলাদেশ টেলিটক লিঃ এর ওয়েবসাইট ব্যবহার:</p> <p>কমিশন সচিবালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) জনাব আ. ই. ম নেছার উদ্দিন ১২.০২.২০২০ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার আলোচনা অনুযায়ী কমিশনের ওয়েবসাইটের পাশাপাশি বাংলাদেশ টেলিটক লিঃ এর ওয়েবসাইটে কমিশন কর্তৃক প্রকাশিত নিয়োগ পরীক্ষার ফলাফলের বিজ্ঞপ্তি প্রকাশ করার বিষয়ে টেলিটকের কর্মকর্তার মতামত জানতে চান। টেলিটক কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সাময়িকভাবে পরীক্ষার ফলাফল প্রকাশ সংক্রান্ত সেবা দেওয়া সম্ভব। তবে কার্যকরভাবে ফলাফল প্রকাশের জন্য পরিকল্পিত ডিজাইন করা প্রয়োজন। এ বিষয়ে কমিশন সচিবালয় হতে টেলিটক লিঃ কে একটি প্রশাসনিকপত্র প্রেরণ করা হলে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম শুরু করা সম্ভব হবে। কমিশনের ওয়েবসাইটের address: http://www.bpsc.gov.bd এর পাশাপাশি টেলিটক লিঃ এর ওয়েবসাইট Address হবে : http://bpsc.teletalk.com.bd</p>	<p>ক. এখন থেকে কমিশনের Website এর পাশাপাশি টেলিটকের http://bpsc.teletalk.com.bd ওয়েবসাইটের এই URL এ কমিশনের পরীক্ষা সংক্রান্ত নোটিশ ও ফলাফল প্রকাশ করার বিষয়ে সুপারিশ করা হয়। খ. এ বিষয়ে টেলিটক লিঃ কে অনুরোধ জানানোর ও সুপারিশ করা হয়।</p>	সচিব পিএসসি
<p>আলোচ্য বিষয়ঃ ২: বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটের ধীরগতি বৃদ্ধির ব্যবস্থাকরণ।</p> <p>এ বিষয়ে এটুআই প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হলে এটুআই প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, কমিশনের ওয়েবসাইট যে সার্ভারে হোস্টিং করা হয়েছে তা আপগ্রেড করার কার্যক্রম চলমান রয়েছে। কমিশন সচিবালয়ের সহকারী প্রোগ্রামার জনাব কৌশিক দেবনাথ ওয়েবসাইটের ডেটা স্ট্রাকচার এবং এলগরিদম যথাযথ নয় মর্মে অভিমত ব্যক্ত করেন এবং ডেটা একসেস এলগরিদম সঠিক করার পরামর্শ প্রদান করেন।</p>	<p>এটুআইকে আধুনিক ডেটা স্ট্রাকচার ব্যবহার করার পরামর্শ দেয়া হয়। এছাড়া ওয়েবসাইটটি Sub-domain পরিবর্তন করে real IP সহ Domain এ স্থানান্তর এবং ওয়েবসাইটের হোস্টিং সার্ভারের Bandwidth বাড়ানোর জন্য a2i এর এনপিডিকে অনুরোধ করার বিষয়ে সুপারিশ করা হয়।</p>	এটুআই ও National Portal Framework এর কর্মকর্তা support team

২. সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

[মো: মোস্তাফিজুর রহমান]

সচিব

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়